

না, কিছুই থাকবে না, কিছুই থাকবে না,
 কিছুই না, কিছুই না ।
 যদি আমার সব মিটে যায়
 সব মিটে যায়,
 তবেই আমি বেঁচে যাব যে
 চিরদিনের তরে
 যখন কিছুই থাকবে না ।
 দেবার আমার আছে কিছু
 এই কথাটাই যে
 ভুলিয়ে রেখেছিল সবাই মিলে—
 আজ জেনেছি, আমি নই-যে অভাগিনী;
 দেবই আমি, দেবই আমি, দেব,
 উজাড় করে দেব আমারে ।
 কোনো ভয় আর নেই আমার।
 পড়্ তোর মন্ত্র, পড়্ তোর মন্ত্র,
 ভিক্ষুরে নিয়ে আয় অমানিতার পাশে,
 সে'ই তারে দিবে সম্মান—
 এত মান আর কেউ দিতে কি পারে ।

Parjaay: Chandalika, Taal: Dadra, Raag: Kedara
 Visit www.geetabitan.com for notation and other detail